



বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন

BANGLADESH CHEMICAL INDUSTRIES CORPORATION

BCIC BHABAN, 30-31, DILKUSHA C.A., DHAKA-1000, BANGLADESH

www.bcic.gov.bd

নং-৩৬.০১.০২৭.০১.০২.০১৯৬.২০২২/৬৩
এমপ্লয়ী নং-৬৫৩৬-৭

তারিখ : ২৬-০২-২০২৩ খ্রি।

আদেশ

০১। যেহেতু, আপনি জনাব ফারহানা সালাম, সহকারী ব্যবস্থাপক (বাণিজ্যিক) সংস্থার প্রধান কার্যালয়ের ক্রয় বিভাগে কর্মরত থাকাকালীন গত ২০/০৯/২০২১খ্রি. তারিখে ০৬ (ছয়) মাসের মাতৃত্বকালীন ছুটিতে গমণ করেন। ছুটি শেষে গত ২০-০৩-২০২২ খ্রি. তারিখে তাঁর কাজে যোগদানের দিন নির্ধারিত থাকলেও আপনি অদ্যাবধি কর্মস্থলে যোগদান করেননি।

০২। যেহেতু, আপনি অসুস্থতার স্বপক্ষে কোনপ্রকার চিকিৎসা সনদ ছাড়াই গত ০৭/০৭/২০২২খ্রি তারিখে (ই-মেইলে) অতিরিক্ত ০৬ মাস ছুটির আবেদন করেন। তদপ্রেক্ষিতে সংস্থা হতে গত ১৮/০৭/২০২২খ্রি. তারিখের পত্রে আপনাকে বিসিআইসি'র প্রধান চিকিৎসা কর্মকর্তার নিকট হাজির হওয়ার নির্দেশ দেয়ার পরও আপনি হাজির হননি।


০৩। যেহেতু, আপনি ছুটি শেষে যথাসময়ে কর্মস্থলে যোগদান করেননি, কর্তৃপক্ষের বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন, সংস্থা কর্তৃপক্ষের নির্দেশের পরও বিসিআইসি'র প্রধান চিকিৎসা কর্মকর্তার নিকট হাজির হননি, কর্তৃপক্ষের বিনানুমতিতে বিদেশে গমণ করেছেন এবং বিধি ভঙ্গ করে ৩০ দিনের অধিক বিদেশে অবস্থান করায় বিসিআইসি কর্মচারী চাকরি প্রবিধানমালা-১৯৮৮ এর ৩৭ বিধি লঙ্ঘন এর দায়ে আপনার বিরুদ্ধে সংস্থা হতে গত ১৬-০৮-২০২২ খ্রি. তারিখ সূত্র নং- ৩৬.০১.০২৭.০১.০২.০১৯৬.২০২২/২৫৩ দ্বারা অভিযোগনামা ও অভিযোগ বিবরণী জারির মাধ্যমে বিভাগীয় মামলা সূচীত হয়।

০৪। যেহেতু, আপনি অভিযোগনামার জবাব দাখিল করেননি এবং আপনার বর্তমান ও স্থায়ী ঠিকানায় রেজিস্টার উইথ এ/ডি যোগে প্রেরিত সকল পত্র “প্রাপক বিদেশে থাকায় পত্রখানা বিলি করা গেল না”/“প্রাপক বাড়িতে থাকে না” ইত্যাদি মন্তব্যসহ ডাকবিভাগ হতে ফেরত এসেছে।

০৫। যেহেতু, সংস্থা হতে বিধি অনুযায়ী গত ২১-১২-২০২২ খ্রি. তারিখ সূত্র নং- ৩৬.০১.০২৭. ০১.০২.০১৯৬.২০২২/৪২০ দ্বারা বিভাগীয় তদন্ত কমিটি গঠন করা হয়। বিভাগীয় তদন্ত কমিটির গত ১৯-০১-২০২৩ খ্রি. তারিখের প্রতিবেদন মতে, আপনার বিরুদ্ধে অভিযোগনামায় আনীত অভিযোগসমূহ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়। তৎপ্রেক্ষিতে বিধি অনুযায়ী সংস্থা হতে গত ২৫-০১-২০২৩ খ্রি. তারিখ আপনার বিরুদ্ধে চূড়ান্ত কারণ দর্শানো নোটিশ জারি করা হয়। নির্ধারিত সময়ে আপনার নিকট হতে কোনো জবাব পাওয়া যায়নি এবং আপনার বর্তমান ও স্থায়ী ঠিকানায় রেজিস্টার উইথ এ/ডি যোগে প্রেরিত নোটিশ ‘প্রাপক বাড়িতে থাকে না তাই ফেরত’ মন্তব্যসহ ডাকবিভাগ হতে ফেরত এসেছে।

০৬। সেহেতু এক্ষণে, আপনার বিরুদ্ধে সংস্থার আনীত অভিযোগসমূহ বিভাগীয় তদন্তে যুক্তিযুক্তভাবে প্রমাণিত হওয়ায় এবং কৃত অপরাধ বিসিআইসি কর্মচারী চাকুরি প্রবিধানমালা-১৯৮৮ এর বিধি ৩৮ (খ) অসদাচরণ (গ) পলায়ন (ডেজারশন) এর দায়ে অভিযুক্ত করে বিধি ৩৯ (১) (খ) এর (ঈ) মোতাবেক আপনাকে সংস্থার চাকরি হতে এতদ্বারা “বরখাস্ত” করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।


(মোঃ সাইদুর রহমান)
চেয়ারম্যান (গ্রেড-১)
বিসিআইসি, ঢাকা।

ফোন নং- ০২-২২৩৩৮৪১৫৩

E-mail: chairman.bcic@gmail.com

বর্তমান ঠিকানা :

জনাব ফারহানা সালাম
স্বামী : মোঃ গোলাম রাব্বানি
ফ্ল্যাট নং-৯/এফ, কুইন্স গার্ডেন হোমস্
১৫, নিউ ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।

স্থায়ী ঠিকানা :

জনাব ফারহানা সালাম
পিতা : মরহুম আবদুস সালাম
স্বামী : মোঃ গোলাম রাব্বানি
গ্রাম : বাসন্ডা, উপজেলা : বেতাগী, জেলা : বরগুনা।

চলমানপাতা-০২



বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন

BANGLADESH CHEMICAL INDUSTRIES CORPORATION
BCIC BHABAN, 30-31, DILKUSHA C.A., DHAKA-1000, BANGLADESH
www.bcic.gov.bd

পাতা-০২

বিতরণ :

- ১। হিসাব নিয়ন্ত্রক, বিসিআইসি।
- ২। মহাব্যবস্থাপক (ক্রয়), ক্রয় বিভাগ, বিসিআইসি।
- ৩। জনাব ফারহানা সালাম, বরখাস্তকৃত সহঃ ব্যবস্থাপক (বাণিজ্যিক), ক্রয় বিভাগ, বিসিআইসি।

অনুলিপি (জ্যেষ্ঠতা বা পদের ক্রমানুসারে নয়) :

- ১। বিভাগীয় প্রধান, আইসিটি বিভাগ, বিসিআইসি - ওয়েবসাইটের নোটিশ বোর্ডে প্রকাশের অনুরোধসহ।
- ২। উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন-২), কর্মচারী বিভাগ, বিসিআইসি।
- ৩। উপ-কর্মচারী প্রধান (প্রশাসন-১), কর্মচারী বিভাগ, বিসিআইসি।
- ৪। নোটিশ বোর্ড (সকল)।
- ৫। দপ্তর নথি।
- ৬। মহানথি।

Pls. upload
→
১৫/২/২৩
Pamr.